# জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা জানালেন নবনিযুক্ত মন্ত্রী-প্রতিমন্ত্রীরা




ছবি: সংগৃহীত

সাভারের জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের স্মরণে শ্রদ্ধা নিবেদন করেছেন নবনিযুক্ত পাঁচ মন্ত্রী-প্রতিমন্ত্রী।

শনিবার (২২ আগস্ট) দুপুরের দিকে তারা স্মৃতিসৌধে গিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে মুক্তিযুদ্ধের শহীদদের অবদান ও আত্মত্যাগ স্মরণ করে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে শ্রদ্ধা জানান নতুন মন্ত্রিসভার সদস্যরা।

শ্রদ্ধা নিবেদন শেষে স্থানীয় সরকারমন্ত্রী ড. আবদুল মঈন খান বলেন, দেশের সংকটময় সময়ে জনগণের ভোটে প্রধানমন্ত্রী তারেক রহমান রাষ্ট্রের দায়িত্ব নিয়েছেন। মন্ত্রিসভায় নতুন সদস্য অন্তর্ভুক্ত হওয়াকে তিনি সরকারের স্বাভাবিক কার্যক্রমের অংশ হিসেবে উল্লেখ করেন।

বেসামরিক বিমান ও পর্যটনমন্ত্রী রশিদুজ্জামান মিল্লাত বলেন, সরকারের নেওয়া সব পরিকল্পনার মূল লক্ষ্য দেশের উন্নয়ন। কোথায়, কোন দায়িত্বে এবং কাকে দিয়ে কাজ করালে কাঙ্ক্ষিত ফল পাওয়া যাবে, তা বিবেচনা করেই প্রধানমন্ত্রী পদায়নের সিদ্ধান্ত নিয়েছেন বলে জানান তিনি।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবীর বলেন, নতুন সরকার বাংলাদেশের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে পররাষ্ট্রনীতি নির্ধারণ করেছে। শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার দাবি স্বাভাবিক বলেও মন্তব্য করেন তিনি। একই সঙ্গে জাতীয় স্বার্থের প্রশ্নে বাংলাদেশ কোনো ধরনের আপস করবে না বলে জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী।